

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৯০

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭৯. যে ব্যক্তি পায়খানা থেকে বের হওয়ার পরপরই খাদ্য গ্রহণ করে

بَابُ الرَّجُل يَخْرُجُ مِنَ الْخَلَاءِ فَيأْكُلُ

আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ عَنْ سَعِيدِ بْنِ الْحُوَيْرِثِ عَنْ الْبُو عَنْ الْخَائِطَ ثُمَّ خَرَجَ فَأْتِيَ بِطَعَامٍ ابْنِ عَبَّاسٍ قَالَ كُنَّا عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَدَخَلَ الْغَائِطَ ثُمَّ خَرَجَ فَأْتِيَ بِطَعَامٍ فَقِيلَ أَلَا تَتَوَضَّأُ فَقَالَ أُصلِي فَأَتَوَضَّأُ

إسناده صحيح

বাংলা

৭৯০. ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা হতে বর্ণিত, তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট ছিলাম। এমতাবস্থায় তিনি পায়খানায় প্রবেশ করলেন। অতঃপর তিনি বের হলেন, ইতোমধ্যে খাবার নিয়ে আসা হলো। তাঁকে বলা হলো: আপনি ওযু করলেন না? তখন জবাবে তিনি বললেন: "আমি কি সালাত আদায় করবো যে, ওযু করতে হবে?"[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ মুসলিম ৩৭৪ (১১৯); তিরমিযী, শামাইল নং ১৮৬, ১৮৭; ইবনু হাযম, আল মুহাল্লা ১/২৩৯; বাইহাকী ১/৪২; আহমদ ১/৩৫৯; আবু দাউদ ৩৭৬০; নাসাঈ ১৩২; তাবারানী, আল কাবীর ১১/১২২ নং ১১২৪১; বাগাবী, শারহুস সুন্নাহ নং ২৮৩৫; সহীহ ইবনু খুযাইমা, অপর একটি সহীহ সনদে; আহমাদ ১/২৮২ অপর সনদে; অপর সনদে তাবারানী, আল কাবীর ১২/৮২ নং ১২৫৪৭; আরও দেখুন ফাতহুল বারী ১/২৩২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)



 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 76167$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন